দৈনিক বাংলা

তারিখ 20 JUN 1993
পৃষ্ঠা 7 কলাম 2

# ঢাকা ভার্সিটি খুলেছে ঃ ছাত্রদলের সন্ত্রাস বিরোধী মিছিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন ছুটি শেষে গতকাল শনিবার থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পুনরায় ক্লাশ শুরু হয়েছে। মেঘাচ্ছন্ন আবহাওয়ার মধ্যে প্রথম দিনে ছাত্রছাত্রীদের উপস্থিতির হার ছিল সন্তোষজনক।

গতকাল ক্যাম্পাসে বিভিন্ন ছাত্র সংগঠন মিছিল ও সমাবেশ করে। ছাত্রদলের নবগঠিত কমিটির সদস্যদের নিয়ে একটি মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করার পর কলাভবন প্রাঙ্গণে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তৃতা করেন সংগঠনের সভাপতি ফজলুল হক মিলন ও সাধারণ সম্পাদক নাজিমুদ্দীন আলম। সমাবেশে সদ্য ঘোষিত বাজেটকে গণমুখী বলে অভিহিত করে বলা হয় যে এতে জাতীয় অর্থনৈতিক মুক্তির দিক নির্দেশনা রয়েছে। সমাবেশ থেকে সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন প্রতিষ্ঠার অঙ্গীকার ব্যক্ত করা হয়।

## ছাত্রলীগ (ম—ই)

অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত ছাত্রলীগ (ম—ই)র সমাবেশে বক্তব্য রাখেন খিজির হায়াৎ লিজু ও পংকজ দেবনাথ। সমাবেশে ছাত্র সমাজের ১০ দফা মেনে নেয়া, ছাত্রবৃত্তি প্রদান পুনরায় চালু, এবং

(৫—এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) ঢাকা ভার্সিটি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্ধিত মার্কশীট ও সার্টিফিকেট ফি প্রত্যাহারের দাবী জানানো হয়। সমাবেশে সদ্য ঘোষিত বাজেটকে গণ-বিরোধী আখ্যা দিয়ে বলা হয় যে এতে বৈষম্যহীন শিক্ষানীতি প্রণয়ন ও বেকার সমস্যা লাঘবের কোন অঙ্গীকার এতে নেই।